

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭৫২

১٩/ ওয়ারিসী স্বত্ব বণ্টন (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৭/১৮. যে ব্যক্তি অপর কোন ব্যক্তির নিকট ইসলাম গ্রহণ করে

بَابِ الرَّجُلِ يُسْلِمُ عَلَى يَدَيْ الرَّجُلِ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ عُمَرَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُمَرَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُمْرَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُوْهَبٍ، قَالَ سَمِعْتُ تَمِيمًا الدَّارِيَّ، يَقُولُ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا السُّنَّةُ فِي الرَّجُلِ مِنْ أَهْلِ الْكِتَابِ يُسْلِمُ عَلَى يَدَى الرَّجُلِ قَالَ " هُوَ أَوْلَى النَّاسِ بِمَحْيَاهُ وَمَمَاتِهِ " .

#### বাংলা

১/২৭৫২। তামীম আদ-দারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আহলে কিতাবের কেউ কারো কাছে ইসলাম গ্রহণ করলে তার বিধান কী? তিনি বলেনঃ সে (মুসলিম ব্যক্তি) তার (নও মুসলিমের) জীবনে ও মরণে অন্য সব লোকের চেয়ে অগ্রগণ্য।

### **English**

It was narrated that 'Abdullah bin Mawhab said:

"I heard Tamim Ad- Dari say: 'I said: O Messenger of Allah, what is the Sunnah concerning a man from among the People of the Book who becomes a Muslim at the hands of another man?' He said: 'He is the closest of all people to him in life and in death.'"

## ফুটনোট

তিরমিয়ী ২১১২, আবূ দাউদ ২৯১৮, আহমাদ ১৬৪৯৭, ১৬৫০০, দারেমী ৩০৩২, ৩০৩৩, মুসান্নাফ আবদুর রাযযাক ১৬২৭১, দারাকুতনী ৪/১৮১, ১৮২, বায়হাকী ফিস সুনান ১০/২৯৭, সহীহাহ ২৩১৬, সহীহ আবু দাউদ ২৫৯১।

তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল আযীয় বিন উমার সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আবু



হাফস উমার বিন শাহীন ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ। আবু মুহসীর আল-গাসসানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী তাকে সিকাহ বলেছেন। আবদুল আলা বিন মুহসির বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৬৪, ১৮/১৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ তামীম আদ্ দারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন